



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH



তথ্যবিবরণী

নম্বর-১

রাজশাহীতে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা জাতীয় গোল্ডকাপ অনূর্ধ্ব-১৭ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন

রাজশাহী; ৩০ কার্তিক (১৫ নভেম্বর):

রাজশাহীতে বিভাগীয় পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (বালক) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব (বালিকা) অনূর্ধ্ব-১৭ জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার (১৫ নভেম্বর) সকাল নয়টায় মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে রাজশাহী বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ্, এনডিসি বেলুন ও ফেস্টুন উড়িয়ে টুর্নামেন্ট দুটি উদ্বোধন করেন।

তিন দিনব্যাপী টুর্নামেন্টে রাজশাহী বিভাগের প্রতিটি জেলা থেকে একটি করে বালক-বালিকা দল এবং সিটি কর্পোরেশনের দুটি বালক-বালিকা দলসহ মোট ১৮টি দল প্রতিযোগিতা করবে।

উদ্বোধনী অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার বলেন, একটি সুন্দর জাতি গঠনের জন্য খেলাধুলার গুরুত্ব অপরিসীম। খেলাধুলার মাধ্যমে একটি দেশ বিশ্বের কাছে পরিচিতি লাভ করতে পারে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান খেলাধুলা ভালোবাসতেন। তিনি নিজেও খেলাধুলা করতেন।

জি এস এম জাফরউল্লাহ্ বলেন, শিক্ষার্থীদের প্রতিভা বিকাশের জন্য খেলাধুলা খুবই জরুরি। তারা আগামী দিনে খেলাধুলার মাধ্যমে দেশ ও জাতি গঠনে ভূমিকা রাখবে। খেলাধুলা মানসিক বিকাশ ঘটায়, একজন মানুষের মধ্যে দায়িত্ববোধ সৃষ্টি করে।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোঃ জিয়াউল হক এর সভাপতিত্বে অনুষ্ঠানে আরএমপি'র কমিশনার মোঃ আবু কালাম সিদ্দিক, জেলা প্রশাসক আব্দুল জলিল, রাজশাহী রেঞ্জের অতিরিক্ত ডিআইজি নরেশ চাকমা বক্তৃতা করেন।

.....
তোহিদ/সিকান্দার/হালিম/২০২২/১১.০০ষ.